গাংনীর গেজেটভুক্ত ১০৮ মুক্তিযোদ্ধাদের ভাতা চালুর দাবি

মেহেরপুরের গাংনী উপজেলার ১০৮ জন গেজেট ভুক্ত মুক্তিযোদ্ধাদের ভাতা চালুর দাবিতে উপজেলা চেয়ারম্যানের সাথে মতবিনিময় করেছেন বীর মুক্তিযোদ্ধারা।

আজ শনিবার দুপুরে গাংনী উপজেলা পরিষদ প্রাঙ্গণে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।
গেজেট ভুক্ত মুক্তিযোদ্ধা নেতা আব্দুল হান্নানের সভাপতিত্বে স্থগিত কৃত প্রায় ১০৮ জন মুক্তিযোদ্ধা ও তাদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

উপজেলা চেয়ারম্যান এম এ খালেক বলেন, সর্বশেষ যাছাই-বাছাইয়ের পর তাদের ভাতা বন্ধ হয়। যার ফলে স্থগিতকৃত মুক্তিযোদ্ধারা সকল কাগজপত্র আছে মর্মে জানিয়ে পূর্ণরায় ভাতা চালুর দাবিতে আমার সাথে তারা মতবিনিময় করেছেন। আমি বিষয়টি সরকারের উর্ধতনদের সাথে আলাপ-আলোচনা করে সমাধানের চেষ্টা করবো।

উল্লেখ্যঃ সর্বশেষ মুক্তিযোদ্ধা যাছাই-বাছাইয়ে গাংনী উপজেলার ১০৮ জন মুক্তিযোদ্ধাকে না মঞ্জুর করেন উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটি। যার ফলে এই ১০৮ জন বীর মুক্তিযোদ্ধার ভাতা বন্ধ হয়ে যায়। উক্ত মুক্তিযোদ্ধারা দেশ স্বাধীনে গুরুত্বপুর্ন ভুমিকা রাখলেও তারা আজ অধিকার বঞ্চিত হয়ে মানবেতর জীবন যাপন করছেন।